

সমাজসচেতন জ্ঞানী হতে হলে বিশুদ্ধ পরিবারের সদস্যরা নিচের কথাগুলি পালন করুন

- ০১। বুদ্ধির সীমা আছে কিন্তু বোকামির কোন সীমা নেই।
- ০২। জ্ঞানী মূর্খকে চিনতে পারে কেননা সে জ্ঞানী। পক্ষান্তরে মূর্খ জ্ঞানীকে চিনতে পারে না, কেননা সে মূর্খ।
- ০৩। বন্ধুত্ব একটি ছাতার ন্যায়। বৃষ্টি যতই প্রবল হয় ছাতার ততই প্রয়োজন পড়ে।
- ০৪। পা পিছলে পড়া লজ্জার কথা নয়। বরং যথা সময়ে উঠে না দাঁড়ানোই লজ্জার কথা।
- ০৫। ভুল করা দোষের কথা নয় বরং ভুলের উপর প্রতিষ্ঠিত থাকা দোষের।
- ০৬। বন্ধুত্ব ছিন্ন করে অর্থোপার্জনে করো না। বন্ধুত্বই অর্থোপার্জনের গুরুত্বপূর্ণ মাধ্যম।
- ০৭। মানুষের সাথে তাদের পছন্দমাত্তিক আচরণ কর। নিজের পছন্দমাত্তিক নয়।
- ০৮। তর্কে জেতা বুদ্ধিমানের কাজ নয় বরং বুদ্ধিমানের কাজ হল তর্কে না জড়ানো।
- ০৯। আহম্মকের সাথে তর্ক করো না। কারণ, হয়ত দুজনের পার্থক্য করতে ভুল করবে।
- ১০। তোমার স্ত্রীর রুচি বোধকে অবমূল্যায়ন করো না। কারণ, সে তোমাকে পছন্দ করেছে।
- ১১। তোমার পিঠে কেউ ততক্ষণ পর্যন্ত চড়তে পারবে না যতক্ষণ না তুমি পিঠ নিচু কর।
- ১২। তুমি যতটা মূল্যবান ততটা সমালোচনার পাত্র হবে।
- ১৩। যে অধিকার আদায়ের পেছনে চেষ্টা চালানো হয় তা কখনই বৃথা যায় না।
- ১৪। শরীরকে আরামে রেখে জ্ঞানার্জন সম্ভব নয়।
- ১৫। পাপ ছোট কি না তা দেখোনো বরং দেখো যার অবাধ্যতা করছ তিনি কত বড়।
- ১৬। যদি তুমি দুনিয়াকে নতুন কিছু উপহার দিতে না পার তবে তুমি দুনিয়ার একটি বোঝা।
- ১৭। তিনটি ভাল বই একবার করে পড়ার চেয়ে, একটি ভাল বই তিনবার পড়া বেশি উপকারী।
- ১৮। পৃথিবীটা লবণাক্ত পানির মত। যতই তা পান করবে পিপাসা ততই বাড়বে।
- ১৯। তুমি পাহাড়ের মত হয়ো না। মানুষকে ছোট দেখবে, মানুষও তোমাকে ছোট দেখবে।
- ২০। চিরকাল অন্ধকারকে গালমন্দ না করে ছোট্ট একটি বাতি জ্বালানো অনেক ভাল।
- ২১। সব কিছু জানার প্রয়োজন নেই। কিন্তু যা কিছু বলছ তার সবটুকুর জ্ঞান থাকা আবশ্যিক।
- ২২। কূপে থুতু ফেলো না। কারণ, কখনো এ কূপ থেকে পানি পান করতে হতে পারে।
- ২৪। জীবন চলার পথে পড়ে থাকা পাথরগুলো কুড়িয়ে তৈরি কর সাফল্যের সিঁড়ি।
- ২৫। যে হিংসা করে সে সবার আগে নিজের ক্ষতি করে।
- ২৬। আত্মতৃপ্তিতে ভোগা সংকীর্ণ জ্ঞানের পরিচয়।
- ২৭। যে অল্পতে তুষ্ট থাকে তার কাছে এ পৃথিবীর সব কষ্ট সহজ হয়ে যায়।
- ২৮। 'বিবেক'কে বড় মনে করলে শত্রু সৃষ্টি হবে আর 'হৃদয়'কে বড় মনে করলে বন্ধু বৃদ্ধি হবে।
- ২৯। যার ভুল হয় সে মানুষ আর যে ভুলের উপর স্থির থাকে সে শয়তান।
- ৩০। বাকপটু ও নির্বোধের সাথে তর্কে যেও না। কারণ, বাকপটু কথায় পরাজিত করবে আর নির্বোধ কষ্ট দিবে।

- ৩১। বন্ধুর সব কাজের সমালোচনা করলে; সমালোচনা করার মত কোন বন্ধু খুঁজে পাবে না।
- ৩২। শুধু জ্ঞান তোমার কোন কাজ দেবে না যদি না তুমি চরিত্রের মুকুট মাথায় পরিধান কর।
- ৩৩। অস্ত্রের আঘাত শুকিয়ে যায়, কিন্তু কথার আঘাত শুকায় না।
- ৩৪। হাতে একটা চড়ুই পাখি থাকা গাছে দশটি থাকার চেয়ে ভাল।
- ৩৫। যদি চাও যে তোমার আদেশ পালন করা হোক তবে এমন আদেশ দাও যা করা সম্ভব।
- ৩৬। বক্তব্যে যদি অল্প কথায় ভাব ফুটিয়ে তোলা সম্ভব হয় তবে সেটাই শ্রেষ্ঠ বক্তব্য।
- ৩৭। মানুষের সাথে কথা বল তাদের বুঝার ক্ষমতা অনুযায়ী।
- ৩৮। জ্ঞান যতই গভীর হয় কথা ততই হ্রাস পায়।
- ৩৯। খারাপ বন্ধুর চেয়ে একা থাকা অনেক ভাল।
- ৪০। মিথ্যার দাপট ক্ষণস্থায়ী কিন্তু সত্যের দাপট চিরস্থায়ী।
- ৪১। সম্পদ আসে কচ্ছপের মত আর যায় হরিণের মত।
- ৪২। নির্বোধের কথার উত্তর না দেয়াই তার উত্তর।
- ৪৩। চরিত্রের কারণেই সম্মানিত ব্যক্তি সম্মান হারায় আবার নগণ্য ব্যক্তি সম্মান কুড়ায়।
- ৪৪। কোন ঘুমন্ত লোকের নিকট বসে থাকা আর ঘুমানো ভদ্রতার ব্যাপার।
- ৪৫। যে কাউকে বিশ্বাস করে না তাকে কেউ বিশ্বাস করে না।
- ৪৬। কোন মানুষকে সম্মান করা তার হৃদয়ের মণিকোঠায় প্রবেশের চাবির সমতুল্য।
- ৪৭। কোন জিনিসই অতিরিক্ত হওয়া ভাল নয় দুটি জিনিস ছাড়া। এক: জ্ঞান। দুই: ভদ্রতা।
- ৪৮। বিপদে হা-হতাশ করা আরেকটি বিপদ।
- ৪৯। জ্ঞানীর সম্পদ হল তার জ্ঞান আর মূর্খের সম্পদ হল তার অর্থ।
- ৫০। যদি বাঘের দাঁত বের হয়ে থাকতে দেখ তবে মনে করো না যে, সে হাসছে।
- ৫১। জ্ঞানী আগে চিন্তা করে পরে কথা বলে আর নির্বোধ আগে কথা বলে পরে চিন্তা করে।
- ৫২। যে অন্যের বিপদাপদ দেখে তার নিকট নিজের বিপদ তুচ্ছ হয়ে যায়।
- ৫৩। যার গোপনীয়তা প্রকাশ পেয়ে যায় তার বিরুদ্ধে ষড়যন্ত্রকারীদের সংখ্যা বেড়ে যায়।
- ৫৪। প্রকৃত বন্ধুরা তারকার মত। সব সময় দেখা যায় না কিন্তু সেগুলো আকাশেই থাকে।
- ৫৫। ঘোড়াকে জোর করে পানিতে টেনে নেয়া সম্ভব কিন্তু পানি পান করানো সম্ভব নয়।
- ৫৬। ঝাড়ুদার আবর্জনা পরিষ্কার করে আর তাদেরকে ঘৃণাকারী আবর্জনা সৃষ্টি করে।
- ৫৭। ব্যর্থ মানুষেরা দু প্রকার। এক প্রকার হল, যারা কাজের চিন্তা করেছে কিন্তু কাজ করেনি। আরেক প্রকার হল, যারা কাজ করেছে কিন্তু চিন্তা করে তা করে নি।
- ৫৮। কথা বলার আগে বিষয় নির্বাচনে পর্যাপ্ত সময় নিন যাতে তা পরিপক্ব হয়। কারণ, মানুষের কথাগুলো ফলের মত। সেগুলো পরিপক্ব হতে পর্যাপ্ত সময়ের প্রয়োজন।
- ৫৯। ছোটখাটো বিষয়ে তর্ক করো না। কারণ, অনেকে ছোটখাটো বিষয়ে বেশি জানে।
- ৬০। মানুষ যখন কারো প্রশংসা করে তখন খুব কম লোকেই তা বিশ্বাস করে। কিন্তু যখন কারো বদনাম করে তখন প্রায় সবাই তা বিশ্বাস করে।
- ৬১। যখন অনেক উঁচু স্তরে পৌঁছাও তখন নিচে তাকাও কারা তোমাকে এখানে পৌঁছাতে সাহায্য করেছে। আর আকাশের দিকে তাকাও যেন আল্লাহ তোমার মর্যাদা ধরে রাখেন।

- ৬২। হতাশার সাগরে আশার সেতু রচনা করুন জীবন হয়ে উঠবে সুন্দর।
- ৬৩। তোমার কথায় বিরক্ত হয়ে কান বন্ধ করার আগে নিজের মুখ বন্ধ কর আর তোমার বিরুদ্ধে মুখ খোলার আগে নিজের কান খোল তবেই তুমি সফল হবে।
- ৬৪। যে দ্বিমুখী নীতি নিয়ে জীবন যাপন করে সে যখন মারা যায় তার কোন নীতিই থাকে না।
- ৬৫। রাগ অবস্থায় কথা বললে এমন কথা বলতে পার যার জন্য সারা জীবন লজ্জিত থাকবে।
- ৬৬। সচ্চরিত্র খারাপ দিককে ঢেকে দেয় যেমন অসৎ চরিত্র ভাল দিককে ঢেকে দেয়।
- ৬৭। যখন তোমার শক্তিমত্তা অন্যায়-অবিচারের দিকে যায় তখন আল্লাহর কথা স্মরণ কর।
- ৬৮। নীতিহীন মানুষ কাঁটাহীন ঘড়ির মত।
- ৬৯। মানুষের অস্থিরতা শান্ত করায় সুন্দর কথা বলার চেয়ে কোন চিকিৎসা আবিষ্কৃত হয়নি।
- ৭০। সততা ছোট গাছের মত। পরিচর্যা নেয়া প্রয়োজন যেন তা শক্ত হয় ও বৃদ্ধি পায়।
- ৭১। নম্রতার মাধ্যমে যা অর্জন করা যায় কঠোরতার মাধ্যমে তা অর্জন করা যায় না।
- ৭২। বেশি কৌতুক করলে ব্যক্তিত্ব চলে যায় আর বেশি হাসলে প্রভাব ক্ষুণ্ণ হয়।
- ৭৩। পৃথিবীতে যত পাত্র আছে তাতে কিছু রাখা হলে তার স্থান ছোট হয়ে আসে। তবে জ্ঞানের পাত্র এর ব্যতিক্রম। এতে যতই জ্ঞান ঢালা হয় তত তা বৃদ্ধি পেতে থাকে।
- ৭৪। মূর্খতার মত দরিদ্রতা আর জ্ঞানের মত সম্পদ কিছু নেই।
- ৭৫। মানুষ যখন গর্ব করে সুন্দরভাবে কথা বলার মাধ্যমে; তুমি তখন গর্ব কর নীরব থেকে অন্যের কথা সুন্দরভাবে শোনার মাধ্যমে।
- ৭৬। তুমি যদি কারো উপকার কর তবে সাবধান! কখনো তার কাছে উল্লেখ করো না। আর কেউ যদি তোমার উপকার করে তবে সাবধান! কখনো তা ভুলো না।
- ৭৭। যা শোন তার সবচেয়ে ভাল কথাগুলো লিখে রাখ। আর যা লেখ তার সবচেয়ে ভালো কথাগুলো সংরক্ষণ কর আর যা শোন তার সবচেয়ে ভাল কথাগুলো মানুষকে বল।
- ৭৮। যে ব্যক্তি কাউকে গোপনে উপদেশ দিল সে তাকে খুশি করল ও সুশোভিত করল আর যে ব্যক্তি প্রকাশ্যে কাউকে উপদেশ দিল সে যেন তাকে লাঞ্ছিত ও কলঙ্কিত করল।
- ৭৯। সব কিছুই ছোট আকারে শুরু হয় পাপ ছাড়া। কারণ, কেউ বড় পাপ করতে শুরু করলে আস্তে আস্তে তার নিকট ছোট মনে হয়। আর কোন কিছু অতিরিক্ত হলে তার মূল্য কমে যায় আদব বা ভদ্রতা ছাড়া। কারণ, আদব যতই বৃদ্ধি পায় তার মূল্য ততই বেড়ে যায়।
- ৮০। মানুষ তিন প্রকার। একশ্রেণীর মানুষ হল খাদ্যের মত যাদের দরকার হয় সবসময়। আরেক শ্রেণীর মানুষ হল, ওষুধের মত যাদের দরকার হয় মাঝে মাঝে। আরেক শ্রেণীর মানুষ হল রোগের মত যা আপনার কখনোই দরকার হয় না।
- ৮১। পানি গর্ত সৃষ্টি করে। কিন্তু তা শক্তি দিয়ে নয় বরং তা অবিরাম পতিত হওয়ার মাধ্যমে।
- ৮২। কথা যদি অন্তর থেকে বের হয় তবে তা অন্তরে প্রবেশ করে। কিন্তু তা যদি শুধু মুখ থেকে বের হয় তা কান অতিক্রম করে না।
- ৮৩। ফুল থেকে শিক্ষা নাও প্রফুল্লতা, ঘুঘু থেকে শিক্ষা নাও নম্রতা, মৌমাছি থেকে শিক্ষা নাও শৃঙ্খলা, পিপীলিকা থেকে শিক্ষা নাও কাজ করা আর মোরগ থেকে শিক্ষা নাও খুব ভোরে ঘুম থেকে জেগে উঠার।